

খুচরো কথা - ৪

প্রসঙ্গঃ মাদ্রাসা শিক্ষা

নন্দিনী হোসেন

মাদ্রাসা শিক্ষা বাতিল করা বিষয়ে সাতরং সহ বিভিন্ন ইন্টারনেট ফোরামে এবং ১৫ই জানুয়ারীর ভোরের কাগজে আমার একটি লেখা প্রকাশিত হওয়ার পর নানা জনের নানা রকম মনতব্য এবং পক্ষে বিপক্ষে আলোচনা সমালোচনা পড়ার পর আমার মনে হয়েছে দু'একটা কথা আমার পক্ষ থেকে পরিস্কার করা প্রয়োজন। বিশেষ করে যারা আমাদের দেশের দুজন শ্রদ্ধেয় ব্যক্তিত্বের নাম উল্লেখ করাটা পছন্দ করেন নি বা একমত হন নি তাদের কে বলছি-আমি ও কিন্তু মনে করি না এরা দু'জন এগিয়ে এলেই সব হয়ে যাবে যাদুই চেরাগের মত। এদের নাম নেওয়া অনেকটা প্রতীকী অর্থে। অর্থাৎ শুধু এরাই এগিয়ে আসবেন তা নয়, সুশীল সমাজের (অবশ্য এই শব্দ টি বহুল ব্যবহৃত বলে ব্যবহার করছি, প্রকৃত পক্ষে এই শব্দ ধারী মানুষ গুলোর প্রতি আমার তেমন কোন আস্থা নেই) অংশ, যারা মনে করেন এই শিক্ষা যুগোপযুগী নয় তারা যেন সরকারের উপর চাপ সৃষ্টি করতে এগিয়ে আসেন। আমি এ প্রসঙ্গে সেতারা হাশেমের সাথে একমত। তিনি বলতে চেয়েছেন এই ব্যাপারে রাজনৈতিক ভাবেই সিদ্ধান্ত নেওয়া দরকার। এ ব্যাপারে কারোরই মনে হয় না দ্বিমতের কোন অবকাশ আছে। তবে আমি যেটা বলতে চাচ্ছি তাহলো, আমাদের যে সব রাজনৈতিক দল গুলো আছে, এদের উপর ভরসা রাখাটা যে কোন সুস্থ্য বুদ্ধির মানুষের জন্য বেশ কষ্টকর। তাই আমি মনে করি আমাদের যে ক'জন বিবেক বুদ্ধি সম্পন্ন সুশীল সমাজের প্রতিনিধি আছেন তারা যদি বিষয় টি নিয়ে একটা সামাজিক আন্দোলনের মত শুরু করেন, তাহলে হয়ত রাজনৈতিক দল গুলো ও পরে এগিয়ে আসতে পারে।

আবার ও একই প্রশ্ন, আমাদের মধ্যে যারা মাদ্রাসা শিক্ষা বাতিল করার কথা শুনলে রে রে করে তেড়ে আসেন তাদের ক'জনের ছেলে মেয়েকে মাদ্রাসায় পড়াশোনা করতে পাঠান ? তা হলে এই ভভামী টা কেন ? তাছাড়া মাদ্রাসা গুলো পরিচালিত হচ্ছে কার অর্থে ? গরীব অসহায় পরিবারের সম্ভান দের ভাত কাপড় আর ফ্রি শিক্ষা দানের নাম করে ওখানে কি শিক্ষা দেওয়া হয়? দেশ বা সমাজের জন্য এই শিক্ষা এখন কতটা অপরিহার্য তা অবশ্যই আজ ভেবে দেখার সময় এসেছে। সমাজের একটা অস হায় গুণ্টি কে শিক্ষার নাম করে আর কতকাল পঙ্গু করে রাখা হবে ?

একটা কথা আমাদের মনে রাখা উচিত ,বাংলাদেশ নামক ভুখন্ডকে মান সম্মত শিক্ষায় সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে হলে, সৌদি সহ জানা অজানা উৎস থেকে খয়রাতি পয়সায় যুগ উপযোগী শিক্ষা দেওয়া সম্ভব নয় সেটা বুঝতে হবে। সেই সৎ উদ্দেশ্যে নিয়ে তারা পয়সা দিচ্ছে না। কুশিক্ষা পাওয়ার চেয়ে অশিক্ষিত থাকা ও অনে গুণ ভালো ! নয় কি ?